গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০৪৫.০১৬.১০.১১.০১১.২০১১- ৮৪৩ তারিখঃ ৩১/০৭/২০১৭

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে দেশব্যাপী যথাযথ মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃ মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্রঃ জননিরাপত্তা বিভাগের স্মারক নং-৪৪.০০.০০০০.০২১.১১.০০১(১)২০১৭-১৯২, তারিখ-২৩/০৭/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্র (সংলগ্নীসহ) এসাথে প্রেরণ করা হলো। পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১/৭/১৭

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

বিতরণঃ কার্যার্থে-

১. চেয়ারম্যান, ...উপজেলা পরিষদ
২. উপজেলা নির্বাহী অফিসার,.......................উপজেলা
৩. ভাইস চেয়ারম্যান (পুরুষ/ মহিলা), ...উপজেলা।

অনুলিপি (সদয় অবগতির জন্য)ঃ

১. বিভাগীয় কমিশনার,.......................বিভাগ (সকল)।
২. জেলা প্রশাসক,...................... (সকল)
৩. উপ-সচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)

F:\OfficeWork1\Miclince\mic letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৫. ২০১৪- ১২৭৬ তারিখঃ ১০ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে দেশব্যাপী যথাযথ মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সূত্রঃ ৪৪.০০.০০০০.০২১.১১.০০১(১).২০১৭-১৯২ তারিখঃ ২৩/০৭/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রটি এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৫/০৭/২০১৭
(মোঃ জাহিদ হোসেন)
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ
১। অতিরিক্ত সচিব(সকল)/ মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

স্থানীয় সরকার বিভাগ
গ্রহন ও প্রেরণ শাখা
25 JUL 2017
ডায়েরী নং ২৮৩৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা

স্মারক নং-৪৪.০০.০০০০.০২১.১১.০০১(১).২০১৭-৯৭২ তারিখ ঃ ০৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে দেশব্যাপী যথাযথ মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে দেশব্যাপী যথাযথ মর্যাদা এবং ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

২৩।৭।১৭
(মোঃ আবদুল মালেক)
উপসচিব
ফোনঃ +৮৮০২ ৯৫৭৪৫৩০
ই-মেইলঃ dsadmin3@mha.gov.bd

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
৯৪৬৬
২৫।৭।১৭
স্বাক্ষর
যুগ্ম-সচিব (প্রশাসন)
শাখা ঃ প্রশাসন-১/২/

তারিখ......
কার্যার্থে প্রেরিত হলো
উপ-সচিব (অডিট)
যুগ্ম-সচিব (
উপ-সচিব (
সিঃ সঃ সচিব (
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ
২৫।৭।১৭

বিতরণ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ মন্ত্রণালয়।
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
৩. রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, বঙ্গভবন, ঢাকা।
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ,পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৫. অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, এসবি, ঢাকা।
৬. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৭. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ)
৯. মহাপরিচালক, ...।
১০. ডিআইজি, ঢাকা রেঞ্জ, ঢাকা।
১১. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর, ধানমন্ডি, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্ম-সচিব
নম্বরঃ...........
তারিখঃ ২৫।৭।১৭
স্বাক্ষর

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।
একান্ত সচিব

অনুলিপি ঃ

১. মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৪. সিনিয়র তথ্য অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ আসাদুজ্জামান খাঁন
মন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

তারিখ ঃ ১৮-০৭-২০১৭

সময় ঃ বেলা ০২.৩০ টায়

স্থান ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক' তে সন্নিবেশিত হয়েছে।

সভার প্রারম্ভে সভাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সচিব, জননিরাপত্তা বিভাগকে আলোচ্যসূচি সভায় উপস্থানের জন্য অনুরোধ করেন।

সচিব, জননিরাপত্তা বিভাগ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের যে সকল সদস্য ১৯৭৫ সালের ১৫ আগস্ট শাহাদত বরণ করেছেন, তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। আগামী ১৫ আগস্ট ২০১৭ তারিখ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আইন-শৃঙ্খলা সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় সভায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর থেকে আগত প্রতিনিধিবৃন্দ, জননিরাপত্তা বিভাগের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণসহ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তিনি আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন।

সভায় নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ বিস্তারিত আলোচনাপূর্বক যথাযোগ্য মর্যাদায়, সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের লক্ষ্যে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রমিক	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	১৫ আগস্ট ২০১৭ তারিখ মঙ্গলবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। ☐ এক্ষেত্রে ফ্ল্যাগ রুলস যথাযথভাবে অনুসরণ করতে হবে। জাতীয় পতাকার মাপ সঠিক আছে কি না এবং সঠিকভাবে তা উত্তোলন করা হচ্ছে কি না, সে বিষয়টি বাস্তবায়নকারী কর্তৃপক্ষ নিশ্চিত করবে।	সকল মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর, সংস্থা ও দপ্তর/ বিভাগীয় কমিশনার (সকল)/ ডিআইজি (সকল রেঞ্জ)/ জেলা প্রশাসক (সকল)/ পুলিশ সুপার (সকল)
২.	সকাল ৬.৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত। সহায়ক কার্যক্রম: (ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক অর্পণ এবং পবিত্র কোরআন তেলাওয়াতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), সম্মুখস্থ রাস্তায় ত্রিপলসহ প্যান্ডেল তৈরি, আসন ব্যবস্থা, স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, দেয়াল ও গ্রীল রঙকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর জন্য পুষ্পস্তবক সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। (গ) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা করবে। জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র	রাষ্ট্রপতির কার্যালয়/ প্রধানমন্ত্রীর কার্যালয়/ মন্ত্রিপরিষদ বিভাগ/ সশস্ত্র বাহিনী বিভাগ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ/ জননিরাপত্তা বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ/ স্বাস্থ্য সেবা বিভাগ/ মহাপুলিশ পরিদর্শক/ অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক,এসবি/ বিভাগীয় কমিশনার, ঢাকা/ পুলিশ কমিশনার, ডিএমপি/

	মন্ত্রণালয় জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত সার্বিক নিরাপত্তার বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী ও সংশ্লিষ্টদের নিয়ে জুলাই ২০১৭ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০১৭ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। (ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিম মোতায়েনের ব্যবস্থা গ্রহণ করবে। মেডিকেল টিম অনুষ্ঠানস্থলে প্যান্ডেলের নির্ধারিত স্টলে থাকবে। (ঙ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। বঙ্গবন্ধুর প্রতিকৃতি-সংলগ্ন ফোয়ারায় পানি-প্রবাহের মোটর চালু রাখার ব্যবস্থা গ্রহণ করবে। ☐ স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের পাশাপাশি অন্যান্য যে সব মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থা-এর কর্মকর্তা/কর্মচারীগণ দায়িত্বে নিয়োজিত থাকবেন, তাদের সকলকে এসবি পাশ সংগ্রহ করতে হবে।	মহাপরিচালক, র‍্যাব/ মহাপরিচালক, ফায়ার সার্ভিস/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ জেলা প্রশাসক, ঢাকা/ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ
৩.	১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদাত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্য ও অন্যান্য শহীদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক ও ফুলের পাঁপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও দোয়া। <u>সহায়ক কার্যক্রম:</u> (ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক ও ফুলের পাঁপড়ি অর্পণ এবং পবিত্র কোরআন তেলাওয়াত, ফাতেহা পাঠ ও মোনাজাতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করবে। (গ) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। (ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, ত্রিপলযুক্ত প্যান্ডেল স্থাপনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। (ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিম মোতায়েনের ব্যবস্থা গ্রহণ করবে। ☐ স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের পাশাপাশি অন্যান্য যে সব মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থা-এর কর্মকর্তা/কর্মচারীগণ বিভিন্ন দায়িত্বে নিয়োজিত থাকবেন, তাদের সকলকে এসবি পাশ সংগ্রহ করতে হবে।	প্রধানমন্ত্রীর কার্যালয়/ মন্ত্রিপরিষদ বিভাগ/ সশস্ত্র বাহিনী বিভাগ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ জননিরাপত্তা বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ/ স্বাস্থ্য সেবা বিভাগ/ মহাপুলিশ পরিদর্শক/ অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক,এসবি/ পুলিশ কমিশনার, ডিএমপি/ মহাপরিচালক, র‍্যাব/ মহাপরিচালক, ফায়ার সার্ভিস/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ জেলা প্রশাসক, ঢাকা
৪.	১৫ আগস্ট ২০১৭ তারিখ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুংগীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, সশস্ত্র বাহিনী কর্তৃক অনার গার্ড প্রদান এবং মোনাজাত। <u>সহায়ক কার্যক্রম:</u> (ক) সশস্ত্র বাহিনী বিভাগ পুষ্পস্তবক অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। (খ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ প্রয়োজনীয় পুষ্পস্তবক সরবরাহ করবে। (গ) পুলিশ সুপার, গোপালগঞ্জ অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা এবং অনুষ্ঠান স্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। (ঘ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ ফাতেহা পাঠ ও মোনাজাতের ব্যবস্থা গ্রহণ করবে। (ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ এসবি পাশ সংগ্রহপূর্বক অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা করবে। (চ) গণপূর্ত বিভাগ অনুষ্ঠানস্থলের সার্বিক পরিস্কার-পরিচ্ছন্নতাসহ প্রয়োজনীয় সংস্কারের ব্যবস্থা করবে। (ছ) অনুষ্ঠানস্থলে মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্যসচিবসহ মাননীয় প্রধানমন্ত্রীর সফরসঙ্গীদের দাঁড়িয়ে সম্মান দেখানোর জন্য স্থান সংকুলানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ☐ সিভিল সার্জনের কার্যালয়, গোপালগঞ্জ ছাড়াও যে সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ সংশ্লিষ্ট দায়িত্বে নিয়োজিত থাকবেন, তাদের সকলকে এসবি পাশ সংগ্রহ করতে হবে।	প্রধানমন্ত্রীর কার্যালয়/ মন্ত্রিপরিষদ বিভাগ/ সশস্ত্র বাহিনী বিভাগ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ মহাপুলিশ পরিদর্শক/ বিভাগীয় কমিশনার, ঢাকা/ মহাপরিচালক, র‍্যাব/ ডিআইজি, ঢাকা রেঞ্জ/ মহাপরিচালক, ফায়ার সার্ভিস/ জেলা প্রশাসক, গোপালগঞ্জ/ পুলিশ সুপার, গোপালগঞ্জ/ সিভিল সার্জন, গোপালগঞ্জ

৫.	টুংগীপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে বিশেষ দোয়া মাহফিল।	বিভাগীয় কমিশনার, ঢাকা/ ডিআইজি, ঢাকা রেঞ্জ/ জেলা প্রশাসক, গোপালগঞ্জ/ পুলিশ সুপার, গোপালগঞ্জ
৬.	সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/ মহাপুলিশ পরিদর্শক/ বিভাগীয় কমিশনার (সকল)/ পুলিশ কমিশনার (সকল)/ ডিআইজি (সকল রেঞ্জ)/ জেলা প্রশাসক (সকল)/ পুলিশ সুপার (সকল)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৭.	জাতীয় শোক দিবস উপলক্ষে বাংলাদেশ বেতার এবং বাংলদেশ টেলিভিশন কর্তৃক বিশেষ অনুষ্ঠানমালা প্রচার। <u>সহায়ক কার্যক্রম:</u> বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার জাতীয় শোক দিবসের উল্লেখযোগ্য অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের মাধ্যমে অন্যান্য বেসরকারি টেলিভিশন ও রেডিও চ্যানেল যাতে উক্ত অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করে সে বিষয়ে তথ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ☐ জননিরাপত্তা বিভাগের পক্ষ থেকেও বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	তথ্য মন্ত্রণালয়/ মহাপুলিশ পরিদর্শক/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ টেলিভিশন
৮.	জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ, চাহিদার আলোকে পোস্টার মুদ্রণ ও বিতরণ এবং বঙ্গবন্ধুর ওপর প্রামান্য চলচ্চিত্র প্রদর্শন। শিক্ষা প্রতিষ্ঠান/গ্রোথ সেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।	তথ্য মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ মহাপুলিশ পরিদর্শক/ তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর/ গণযোগাযোগ অধিদপ্তর
৯.	শিক্ষা প্রতিষ্ঠান, শিশু একাডেমি বা অনুরূপ প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করতে পারে।	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/ কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর
১০.	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থা জাতীয় কর্মসূচির সংগে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। <u>সহায়ক কার্যক্রম:</u> (ক) সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা, হাইস্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ্ -নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে।	সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর, সংস্থা ও দপ্তর/ মহাপুলিশ পরিদর্শক/ পুলিশ কমিশনার, ডিএমপি

	(খ) তথ্য মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে আলোকচিত্র প্রদর্শনী, নিরীক্ষা, নবারুণ, সচিত্র বাংলাদেশ ও বাংলাদেশ কোয়ার্টারলির বিশেষ সংখ্যা প্রকাশ, স্মরণিকা ও বিশেষ নিবন্ধ প্রকাশ, আলোচনা সভা ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করবে। গণযোগাযোগ অধিদপ্তর প্রয়োজনীয় ক্ষেত্রে শব্দযন্ত্র সরবরাহ করবে। বাংলাদেশ টেলিভিশন বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থ দুটির পাঠ আগষ্ট মাসব্যাপি প্রচারের ব্যবস্থা করবে এবং কিউরেটর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। (গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। এছাড়া ইসলামিক ফাউন্ডেশন সারাদেশে ফাউন্ডেশনের সকল দপ্তরে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ্-নাত্, আলোচনা সভা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিবসটি পালন করবে। (ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। (ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় তার আওতাধীন সরকারি শিশু পরিবারে পবিত্র কোরআন তেলাওয়াত ও দোয়া মাহফিলের আয়োজন করবে। (চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। এছাড়াও সোহরাওয়ার্দী উদ্যানে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণস্থলে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘর শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পরিদর্শনের ব্যবস্থা করবে। (ছ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে।	
১১.	জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিতকরণের বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে এবং মনিটরিং করবে।	মন্ত্রিপরিষদ বিভাগ, মন্ত্রণালয়/ বিভাগ (সকল)/ মহাপুলিশ পরিদর্শক/ সংযুক্ত অধিদপ্তর (সকল)/ সংস্থা ও দপ্তর (সকল)/ বিভাগীয় কমিশনার (সকল)/ জেলা প্রশাসক (সকল)/ পুলিশ সুপার (সকল)/ উপজেলা নির্বাহী অফিসার (সকল)
১২.	বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠন কর্তৃক টুংগীপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে এবং ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হবে। জেলা প্রশাসন, গোপালগঞ্জ এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ আইন প্রয়োগকারী সংস্থার সহায়তায় এ সকল কর্মসূচির সমন্বয় সাধন এবং শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করবে। মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ত্যাগ না করা পর্যন্ত কেউ পুষ্পস্তবক অর্পণ করবেন না।	জননিরাপত্তা বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ/ মহাপুলিশ পরিদর্শক/ বিভাগীয় কমিশনার, ঢাকা/ মহাপরিচালক, র‍্যাব/ পুলিশ কমিশনার, ডিএমপি/ ডিআইজি, ঢাকা রেঞ্জ/ জেলা প্রশাসক, ঢাকা ও গোপালগঞ্জ/ পুলিশ সুপার, ঢাকা ও গোপালগঞ্জ/ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ

১৩.	দেশের সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কর্তৃক যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে।	স্থানীয় সরকার বিভাগ/ মহাপুলিশ পরিদর্শক/ বিভাগীয় কমিশনার (সকল)/ ডিআইজি (সকল রেঞ্জ)/ পুলিশ কমিশনার (সকল)/ জেলা প্রশাসক (সকল)/ পুলিশ সুপার (সকল)/ ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন/ ঢাকা ওয়াসা/ টুংগীপাড়া পৌরসভা
১৪.	(ক) জাতীয় কর্মসূচির আলোকে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০১৭ মাসে একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০১৭ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। (খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় জাতীয় শোক দিবস উপলক্ষে সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা স্তম্ভ ও এর আশ-পাশের এলাকা দর্শনার্থীদের দর্শনের জন্য অবৈধ দখল মুক্ত ও পরিস্কার পরিচ্ছন্ন করার ব্যবস্থা গ্রহণ করবে। (গ) বিভাগীয় কমিশনার, ঢাকা ও অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, টুংগীপাড়ায় অনুষ্ঠেয় সকল কর্মসূচি সমন্বয় করবেন। (ঘ) বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা গ্রন্থ দুটি ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।	সকল মন্ত্রণালয়/সকল বিভাগ/ মহাপুলিশ পরিদর্শক/ বিভাগীয় কমিশনার, ঢাকা/ পুলিশ কমিশনার, ডিএমপি
১৫.	বিবিধ ঃ (ক) ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ এবং বনানীস্থ কবরস্থান এলাকায় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) এবং ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি ক্যামেরা স্থাপন করবে। পুলিশ কমিশনার, ডিএমপি এ বিষয়টি সমন্বয়ের দায়িত্ব পালন করবেন. (খ) অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষার লক্ষ্যে ধানমন্ডির ৩২ নম্বর রোডস্থ বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর, বনানী কবরস্থান ও টুংগীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিস্থলে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চাহিদা মোতাবেক আনসার সদস্যও মোতায়েন করতে হবে। (গ) ধানমন্ডি লেকে পুলিশ ও ফায়ার সার্ভিস কর্তৃক নৌ-টহলের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) প্রতিকূল আবহাওয়া মোকাবেলায় ডিএমপি-এর সাথে আলোচনা করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় সংখ্যক প্যান্ডেল স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবে। (ঙ) ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে, টুংগীপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে এবং বনানীস্থ কবরস্থান এলাকায় সুপেয় পানি সরবরাহ ও মোবাইল টয়লেট-এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সুরক্ষা সেবা বিভাগ/ স্বাস্থ্য সেবা বিভাগ/ বিদ্যুৎ বিভাগ/ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ মহাপুলিশ পরিদর্শক/ আনসার ও ভিডিপি অধিদপ্তর/ মহাপরিচালক, র‍্যাব/ মহাপরিচালক, ফায়ার সার্ভিস/ পুলিশ কমিশনার, ডিএমপি/ ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন/ ঢাকা ওয়াসা/ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ

	(চ) জাতীয় শোক দিবস উপলক্ষে ঢাকা মহানগর এলাকায় অনুষ্ঠেয় বিভিন্ন অনুষ্ঠানাদিতে যে খাদ্য সরবরাহ করা হবে তা স্বাস্থ্যসম্মত কি না, সে বিষয়টি স্বাস্থ্য অধিদপ্তরের সহায়তায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নিশ্চিত করবে। (ছ) ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে, টুংগীপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে এবং বনানীস্থ কবরস্থান এলাকায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করতে হবে।	

২। আগামী ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আয়োজিত সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় শান্তিপূর্ণভাবে পালিত হবে মর্মে সভাপতি সভায় দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

আসাদুজ্জামান খাঁন
মন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।